NARSINGHA

ই-পেপার: www.ekdin-epaper.com

# একদিন

EKDIN

এগিয়ে চলার সঙ্গী






৮ ফাইনালে কোহলিকে নিয়ে বিরাট আশাবাদী এবিডি

ইংল্যান্ডের 'বাজবল' কৌশলকে পাত্তাই দিচ্ছেন না বুমরাহ ৮

কলকাতা ৩১ মে ২০২৫ ১৬ জ্যৈষ্ঠ ১৪৩২ শনিবার অষ্টাদশ বর্ষ ৩৪৮ সংখ্যা ৮ পাতা ৩.০০ টাকা ■ Kolkata 31.05.2025, Vol.18, Issue No. 348, 8 Pages, Price 3.00

# অর্ধনগ্ন চাকরিহারাদের ব্যাপক পুলিশি ধরপাকড়

## প্রতিবাদে নতুন কর্মসূচির ঘোষণা





**নিজস্ব প্রতিবেদন:** সাত বছর চাকরি করার পর আবার কেন পরীক্ষা দিতে হবে? এই প্রশ্ন তুলে আন্দোলন করছেন এসএসএসির চাকরিহারা 'যোগ্য' শিক্ষক-শিক্ষিকারা। শুক্রবার তাঁদের নবান্ন অভিযানকে কেন্দ্র করে ধুন্ধুমার কাণ্ড বাধে শহরের বিভিন্ন প্রান্তে। চলে পুলিশি ধরপাকড়ও। 'অর্ধনগ্ন' হয়ে চাকরিহারাদের নবান্ন অভিযান আটকে দেওয়ায় পুলিশের ভূমিকা নিয়ে প্রশ্ন তুললেন আন্দোলনকারীরা। তাঁদের দাবি, পুলিশ বেছে বেছে শিক্ষক-শিক্ষিকাদের গ্রেপ্তার করেছে। এই ঘটনার প্রতিবাদে রবিবার নতুন কর্মসূচির ঘোষণাও করেছেন তাঁরা।

নিজেদের দাবিদাওয়া নিয়ে সরকারের উপর আরও চাপ বৃদ্ধি করতে শুক্রবার শিয়ালদহ থেকে নবান্ন অভিযানের ডাক দিয়েছিলেন চাকরিহারাদের একাংশ। সেইমতো সকাল থেকেই শহরের বিভিন্ন জায়গায় জমায়েত শুরু করেছিলেন তাঁরা। তবে মিছিল শুরুর আগেই তাঁদের আটকে দেয় পুলিশ। শুরু হয় ধস্তাধস্তি। বেশ কয়েক জনকে আটক করে প্রিজনভ্যানে তোলা হয়। শুধু শিয়ালদহ নয়, ধর্মতলা, সল্টলেক থেকেও ধরপাকড় করে পুলিশ।

এই প্রসঙ্গে শুক্রবার সাংবাদিক বৈঠকে চাকরিহারা শিক্ষকশিক্ষিকাদের অন্যতম মুখ মেহবুব মণ্ডল বলেন, 'আমাদের ঘোষিত কর্মসূচি ছিল। পুলিশকে বিষয়টি মেল করে জানানো হয়। কিন্তু তার পরেও আমাদের খুঁজে খুঁজে বার করে গ্রেপ্তার করা হয়েছে। প্রায় ১৫০ জন শিক্ষক-শিক্ষিকাকে জোর করে ধরে নিয়ে যাওয়া হয়েছে।'

শুক্রবার ফের উত্তাল হয় ধর্মতলা। এদিন সকাল ১১টা নাগাদ মুখ্যমন্ত্রী মমতা বন্দ্যোপাধ্যায়ের সঙ্গে দেখা করার দাবিতে ধর্মতলায় জড়ো হয়েছিলেন চাকরিহারা প্রার্থীদের একাংশ। তাঁদের অভিযোগ, শান্তিপূর্ণ আন্দোলন সত্ত্বেও পুলিশ তাঁদের উপর চড়াও হয়। অনুমতি ছাড়াই জমায়েত করার অভিযোগে একের পর এক আন্দোলনকারীকে প্রিজন ভ্যানে তুলে নিয়ে যায় পুলিশ।

ডোরিনা ক্রসিং-এর শপিং মলের সামনে থেকে একে একে আন্দোলনকারীদের তোলা হয়। এই সময় এক মহিলা আন্দোলনকারী, যিনি পূর্ব বর্ধমানের এক স্কুলের প্রাক্তন শিক্ষিকা বলে দাবি করেন, তিনি রক্তাক্ত হন। ঘটনাস্থলে বসে থাকা অবস্থায় তাঁর পা থেকে রক্ত বের হতে দেখা যায়। অভিযোগ, তাঁকে জোর করে টেনে নিয়ে যাওয়ার সময় পুলিশ হেনস্থা করে। তিনি বলেন, 'পুলিশ আমাকে টেনে এনেছে। তাই পায়ে চোট লেগেছে। অসহ্য যন্ত্রণা হচ্ছে।'

সেন্ট্রাল ডিভিশনের ডেপুটি কমিশনার ইন্দিরা মুখোপাধ্যায় আহত ওই মহিলাকে চিকিৎসার জন্য নিয়ে যেতে বারবার অনুরোধ করেন। কিন্তু তিনি অনড়। বারবার বলেন, 'আমি আপনাদের সঙ্গে যাব না। আমি আপনাদের ভরসা করি না। আমার চেনা কাউকে পেলে তবেই যাব।'

শুক্রবার পুলিশের এই ধরপাকড়ের প্রতিবাদে নয়া কর্মসূচির ঘোষণা করেছেন চাকরিহারারা। তাঁরা জানিয়েছেন, আগামী রবিবার শুধু কলকাতা নয়, রাজ্য জুড়ে নাগরিক সমাজকে সঙ্গে নিয়ে ধিক্কার দিবস মিছিল পালন করা হবে। একই সঙ্গে শুক্রবার যাঁদের গ্রেপ্তার করা হয়েছে, তাঁদের নিঃশর্ত মুক্তিরও দাবি জানিয়েছেন আন্দোলনকারীরা। যদি তাঁদের ছাড়া না হয়, তবে বৃহত্তর আন্দোলনের হুঁশিয়ারি দিয়েছেন চাকরিহারারা।


এদিকে, এদিনের ধরপাকড়ের ঘটনার খবর পেয়ে শিয়ালদহ স্টেশনে উপস্থিত হন রাজ্যের বিরোধী দলনেতা শুভেন্দু অধিকারী। তিনি কলকাতা পুলিশকে ধিক্কার জানিয়ে বলেন, 'এদের মুর্শিদাবাদ, মালদা, সামশেরগঞ্জে খুঁজে পাওয়া যায় না। টেবিলের তলায় ঢুকে বসে থাকে।' তারপরই তিনি সরাসরি কলকাতা পুলিশের সদস্যদের উদ্দেশ্য করে কোন লিখিত নির্দেশে তারা স্টেশন চত্বরে ঢুকেছেন, তার আদেশনামা দেখত চান। এরপরই তিনি আরপিএফ অধিকারিকদের অনুরোধ জানান এদেরকে তাদের চৌহোদ্দির বাইরে বের করে দিতে।

# পুলিশকে অশ্রাব্য গালিগালাজ অনুব্রতর, আইসির স্ত্রী ও মা-কে নিয়ে অকথ্য শব্দচয়ন

## দলের চাপে 'দায়সারা' ক্ষমাপ্রার্থনা সত্ত্বেও কেষ্টর বিরুদ্ধে মামলা


**নিজস্ব প্রতিবেদন:** গোরু পাচার কাণ্ডে জেল খেটে ফিরেছেন। রাজনীতির লাইমলাইটে আর আগের মতো নেই। অতীতের ছায়ামাত্র। শরীরও আগের থেকে ভেঙেছে। দলও চাপে পড়ে মুখ ফিরিয়েছে। কিন্তু তাতে কী? লোকজনকে ভয় দেখানো, হুমকিতে এখনও সবার আগে, বীরভূমের বিখ্যাত তৃণমূল নেতা অনুব্রত মণ্ডল। এক যুগ আগে পুলিশকে বোমা মারার হুমকি দিয়ে সাড়া ফেলে দিয়েছিলেন। এবার সরাসরি পুলিশ আধিকারিককে ফোনে অশ্রাব্য ভাষায় গালাগালি দিলেন কেষ্ট, অভিযোগ তেমনই। শুধু কি তাই? সেই পুলিশ আধিকারিকের মা ও স্ত্রীর নাম করে নোংরা, অশোভনীয় ইঙ্গিত করেছেন অনুব্রত মণ্ডল। তার ফলস্বরূপ বোলপুর থানায় বিএনএস অনুযায়ী বেশ কয়েকটি ধারায় মামলা হয়েছে।

শুক্রবার এক ভাইরাল অডিও সামনে আসার পরই ঘটনা জানাজানি হয়। সেখানে বীরভূমের আইসি লিটন হালদারের সঙ্গে এক ব্যক্তির কথোপকথন সামনে আসে। সেখানে অপর ব্যক্তি নিজেকে অনুব্রত মণ্ডল পরিচয় দিয়ে আইসি



লিটনকে অশ্রাব্য ভাষায় গালাগালি দিয়েছেন। এমনকী হুমকির পাশাপাশি আইসির স্ত্রী ও মা-কে নিয়েও অত্যন্ত কুরুচিকর শব্দচয়ন করেন, নিজেকে অনুব্রত মণ্ডল পরিচয় দেওয়া ওই ব্যক্তি।

এরপরই সারা রাজ্যে হইচই পড়ে যায়। অনুব্রতর আচরণে অস্বস্তিতে পড়ে যায় রাজ্যের শাসক দল তৃণমূল কংগ্রেস। তৃণমূল নেতারাও এই ঘটনায় সমালোচনায় সরব হন। তারপরই ড্যামেজ কন্ট্রোলে নেমে তৃণমূলের তরফে চার ঘণ্টার মধ্যে অনুব্রত মণ্ডলকে ক্ষমা চাইতে বলা হয়। প্রথমে ওই কণ্ঠস্বর তার নয় বলে দাবি করলেও,



পরে বেগতিক দেখে বীরভূমের কেষ্ট ক্ষমা চেয়েছেন।

দলের নির্দেশের পর ক্ষমা চেয়ে অনুব্রত বলেন, 'পুলিশের সাধারণ কর্মী থেকে একজন বড় অফিসার, সবাই দিদির কাছের মানুষ। তাঁদের অপমান করার কথা ভাবতে পারি না। সাম্প্রতিক ঘটনায় আমি দুঃখিত। দিদির পুলিশের কাছে একবার কেন ১০০ বার ক্ষমা চাইতে পারি। আসলে আমি নানারকম ওষুধ খাই। দিদির পুলিশের বিরুদ্ধে কেউ কোনও অভিযোগ করলে মাথা গরম হয়ে যায়। সত্যিই আমি দুঃখিত।'

চাপে পড়ে ক্ষমা চাইলেও অনুব্রত যে মচকাচ্ছেন না, তা চিঠির পরবর্তী অংশ দেখলেই অবশ্য স্পষ্ট বোঝা যাচ্ছে। ক্ষমা চাওয়া চিঠির পরের অংশে অনুব্রত লিখছেন, 'কিন্তু আপনাদের ভাবতে হবে, তিনটে মহকুমা - বোলপুর, সিউড়ি, রামপুরহাটে বিশাল মিছিল দেখে কারা ভয় পেল? বিজেপি কী করে আমার আর আমাদের বোলপুরের আইসির সঙ্গে গালমন্দর ফুটেজ পেল? কে দিল? কোনও চক্রান্ত নেই তো?' অর্থাৎ ক্ষমা চাইলেও অনুব্রত কতটা মন থেকে বিষয়টিকে মেনে নিয়েছেন তা সময়ই বলবে।

এদিন অডিও ভাইরাল হওয়ার পরই বীরভূমের পুলিশ সুপার আমনদীপ সিং এসডিপিও অফিসে জরুরি বৈঠক করেন। তারপর জানান, বোলপুরের আইসি লিটন হালদার অভিযোগ করেছেন, দু'দিন আগে এক স্থানীয় নেতা তাঁকে ফোন করে হেনস্থা করেছেন। এই বিষয়ে নির্দিষ্ট ধারার এফআইআর করা হয়েছে। ঘটনায় যতটা কঠিন পদক্ষেপ করা যায়, আমরা করব। আইন অনুযায়ী ব্যবস্থা নেব। পাশাপাশি ভাইরাল অডিও ক্লিপ নিয়েও তদন্ত হবে।

## অনুব্রতকে গ্রেপ্তারের দাবি অর্জুন সিংয়ের

**নিজস্ব প্রতিবেদন:** অনুব্রত মণ্ডলের লোকদেখানো ক্ষমায় কাজ হবে না। চাই গ্রেপ্তারি। সোশ্যাল মিডিয়ায় এমনই দাবি তুললেন প্রাক্তন বিজেপি সাংসদ অর্জুন সিং। শুক্রবার ফেসবুকে অর্জুন লেখেন, 'এই ভাইরাল ভিডিওটি শুনলে স্পষ্ট বোঝা যাচ্ছে যে বোলপুরের আইসিকে কদর্য আক্রমণ করছেন মমতা বন্দ্যোপাধ্যায়ের আদরের ভাই অনুব্রত মণ্ডল ওরফে কেষ্ট। আইসি-র মা-স্ত্রীকেও লেখার অযোগ্য অশ্রাব্য ভাষায় নোংরা আক্রমণ করেছেন এই কেষ্ট। অনুব্রত মণ্ডল পশ্চিমবঙ্গ তথা গোটা ভারতবর্ষের লজ্জা। তিনি যে ভাষায় মা ও একজনের স্ত্রীকে গালিগালাজ করেছেন এবং একজন থানার অফিসারকে যেভাবে হুমকি দিয়েছেন, তারপরেও যদি অনুব্রত মণ্ডলকে গ্রেপ্তার করা না হয় তাহলে সাধারণ মানুষ বুঝেই যাবে পশ্চিমবঙ্গে আইনের কোনও গুরুত্ব নাই। এর ফলে পুলিশ বাহিনীর মনোবল তলানিতে ঠেকবে।

সেই সব বিষয়ে থোড়াই কেয়ার করে তৃণমূল। বরং জনগণের চোখে ধুলো দিতে এখন অনুব্রতকে দিয়ে নাকি মিথ্যা ক্ষমা চাওয়ার নাটক করানো হচ্ছে। আমার প্রশ্ন, যদি একজন সাধারণ মানুষ একই অপরাধ করতেন তাহলে কি তিনি শুধু ক্ষমা চেয়ে পার পেয়ে যেতেন?? আইনের চোখে সবাই সমান হলে অনুব্রতর ক্ষেত্রে বিশেষ ব্যবস্থায় ছাড় দেওয়া হবে কেন?? তাই কোনও ক্ষমার নাটকে ছাড় নয়, দিদির 'পেয়ারের ভাই' অনুব্রত মণ্ডলকে অবিলম্বে গ্রেপ্তার করে ভারতীয় ন্যায় সংহিতা অনুসারে শাস্তি দিতে হবে।'

## এবারও শাস্তি দিল না তৃণমূল

# বিপাকে ক্ষমাপ্রার্থী কেষ্ট, কিন্তু শোধরালেন কি?

**নিজস্ব প্রতিবেদন:** গোরু পাচার মামলায় জেলে যাওয়ার আগে পর্যন্ত বীরভূমে অনুব্রত মণ্ডলের দাপট ছিল দেখার মতো। বছর কয়েক আগে এক সাংবাদিক তাঁকে জিজ্ঞাসা করেছিলেন, সিনেমার কোন ডায়লগটা তাঁর এই মুহূর্তে সবচেয়ে পছন্দের, সবচেয়ে প্রিয়? কেষ্ট বলেছিলেন, 'ঝুকেগা নেহি। এটা এখন বেশ ভালো লাগছে।' অর্থাৎ বিখ্যাত তেলুগু সিনেমা পুষ্পার প্রথম পার্টের হিন্দি রিমেকের সেই ডায়লগ, যা সারা দেশে সাড়া ফেলে দিয়েছিল। সেটাই কেষ্টর মনে ধরেছিল। তবে সেই সুদিন গিয়েছে। জেলযাত্রা হওয়ার পর থেকে সংগঠন ও শরীর - দুটোই কমজোরি হয়ে গিয়েছে অনুব্রতর। ফলে মারকাটারি ডায়লগ মেরে আর লোকজনকে হুমকি দিয়ে অনুব্রতও ছাড় পাচ্ছেন না। দলে ও সমাজে কেষ্টর ইমেজ তলানিতে।

শুক্রবার সকালে অনুব্রতর আইসিকে হুমকির ভাইরাল অডিও ক্লিপ দাবানলের মতো ছড়িয়ে পড়তেই দলের তরফে চার ঘণ্টার মধ্যে ক্ষমা চাওয়ার নির্দেশ আসে। সেইমতো আধঘণ্টা পেরোতে না পেরোতেই মাত্র ৩৮ মিনিটের মধ্যেই অনুব্রত নিজস্ব স্টাইলে প্রথমে লিখিত ও পরে ভিডিও বানিয়ে ক্ষমা চান। তবে প্রশ্ন থেকেই যাচ্ছে, কারণ ব্যক্তির নাম অনুব্রত মণ্ডল। এবং দলের নাম তৃণমূল কংগ্রেস। এটা প্রথম নয়। এক যুগ আগে পঞ্চায়েত নির্বাচনের সময় পুলিশকে বোমা মারার নিদান দিয়েছিলেন তৃণমূলের বীরভূমের বাঘ অনুব্রত। তারপর শত বিতর্ক হলেও অনুব্রতও থেমে থাকেননি। দলও তাঁর বিরুদ্ধে ব্যবস্থা নেয়নি। এরপর পুলিশকে প্রকাশ্যে হুমকি, এলাকার বিরোধীদের গাঁজা মামলায় জেলে ঢোকানোর হুমকি - সবই চলেছে একইসঙ্গে। সব দেখেও 'মাথায় অক্সিজেন কম যাওয়া' প্রিয় কেষ্টাকে কিছু বলেননি দলনেত্রী। এমনকী কেষ্ট মণ্ডল জেলে থাকাকালীনও বীরভূমের সভাপতি পদ সেরকমই রেখে দেওয়া হয়েছিল। গোরু পাচার মামলায় জেলে গেলেও কেষ্টর বিরুদ্ধে দল ব্যবস্থা নেয়নি। দলনেত্রী নিজে জানিয়েছেন, ইচ্ছে করে কেষ্টকে ফাঁসানো হয়েছে।

ফলে সোশ্যাল মিডিয়ার যুগে অডিও ক্লিপ ভাইরাল হয়ে যাওয়ায় কেষ্ট বিপাকে পড়ে ক্ষমা চাইলেন, নাকি ড্যামেজ কন্ট্রোল করতে পুলিশ সাজানো মামলা করল- তার উত্তর সময়ই দেবে। তবে রাজ্য প্রশাসনের এক কর্তব্যরত আধিকারিককে যেভাবে হুমকি দেওয়ার পরও তৃণমূল বিকেল গড়িয়ে গেলেও ব্যবস্থা নিল না, তাতে স্পষ্ট, ভবিষ্যতেও কেষ্ট মণ্ডল এমন কাণ্ড ফের ঘটাতেই পারেন।

## বিস্ফোরণে মৃত ৫

**চণ্ডীগড়, ৩০ মে:** ফের বাজি কারখানায় বিস্ফোরণে প্রাণ গেল ৫ শ্রমিকের। জানা গিয়েছে, এরা সকলেই পরিযায়ী শ্রমিক ছিলেন। ভয়াবহ দুর্ঘটনাটি ঘটেছে বৃহস্পতিবার রাতে পঞ্জাবের মুক্তসর জেলার সিঙ্ঘেওয়ালা গ্রামের একটি বাজি কারখানায়। ঘটনায় আহত হয়েছেন আরও ২৯ জন। যাঁদের মধ্যে অনেকের অবস্থা আশঙ্কাজনক। জানা গিয়েছে, বৃহস্পতিবার রাত ১টা নাগাদ এই বিস্ফোরণ ঘটে। বিস্ফোরণের তীব্রতা এতটাই ছিল যে গোটা কারখানা ভেঙে গুঁড়িয়ে যায়। স্থানীয় সূত্রে জানা গিয়েছে, হরিয়ানা সীমানার নিকটবর্তী অঞ্চলে অবস্থিত ওই বাজি কারখানায় আতশবাজি উৎপাদন এবং প্যাকেজিংয়ের কাজ চলে। ওখানে কাজ করতে আসা বেশিরভাগ শ্রমিকই ছিলেন পরিযায়ী শ্রমিক। প্রাথমিক তদন্তের পর মুক্তসরের পুলিশ সুপার অখিল চৌধুরী বলেন, 'দুর্ঘটনাবশত কাজ চলাকালীন বিস্ফোরণ ঘটে কারখানার ভিতরে।

## রাজনাথের দাবি

**নয়াদিল্লি, ৩০ মে:** 'অপারেশন সিঁদুর'-এর সময় চার টুকরো হয়ে যেতে পারত পাকিস্তান। দেশীয় প্রযুক্তিতে তৈরি নৌবহর 'আইএনএস বিক্রান্ত'-এ নৌসেনার আধিকারিকদের সঙ্গে দেখা করে এমনই দাবি করলেন প্রতিরক্ষামন্ত্রী রাজনাথ সিং। তিনি জানান, যদি ভারতের নৌসেনা 'অপারেশন সিঁদুর'-এ স্থলসেনা এবং বায়ুসেনার সঙ্গে শামিল হত, তা হলে পাকিস্তান চার টুকরো হয়ে যেতে পারত। শুক্রবার আরব সাগরের উপর ভাসমান 'আইএনএস বিক্রান্ত'-এ যান রাজনাথ। সামগ্রিক পরিস্থিতি এবং প্রস্তুতি খতিয়ে দেখেন। তার পরেই পাকিস্তানের সঙ্গে সংঘাতের সময় সমুদ্রে ভারতের আধিপত্য সুনিশ্চিত রাখার জন্য নৌসেনাকে ধন্যবাদ জানান তিনি।

-বিস্তারিত দেশের পাতায়

# বোলপুরে প্রতিবাদ মিছিলের ডাক শুভেন্দুর কেষ্টকে অবিলম্বে গ্রেপ্তারের দাবি সুকান্তর

**নিজস্ব প্রতিবেদন:** অনুব্রত মণ্ডলের অডিও কাণ্ডে ফের রাজ্য রাজনীতি সরগরম। তৃণমূলনেত্রী মমতা বন্দ্যোপাধ্যায়ের স্নেহভাজন 'কেষ্ট' ফের একবার বেফাঁস কথা বলে বিপাকে। এক পুলিশ আধিকারিককে নোংরা ভাষায় আক্রমণ করেছেন তিনি। তাঁর মা-স্ত্রীকে নিয়ে কদর্য ভাষা মুখে এনেছেন। এই প্রসঙ্গে রাজ্যের বিরোধী দলনেতা শুভেন্দু অধিকারী ও বিজেপি রাজ্য সভাপতি সুকান্ত মজুমদার কড়া ভাষায় আক্রমণ শানিয়েছেন। অনুব্রতকে অবিলম্বে গ্রেপ্তারের দাবিও জানিয়েছেন।



অনুব্রত প্রসঙ্গে সাংবাদিকদের প্রশ্নে শুভেন্দু বলেন, 'কেষ্টর যে কালচার, ওনার কালচারও তো একই। মুখ্যমন্ত্রী গতকাল প্রধানমন্ত্রীকে আক্রমণ করতে গিয়ে আমাদের সিঁদুরকে আক্রমণ করেছেন। যা আমাদের সনাতন সংস্কৃতির আস্থার বিষয়। একইভাবে আইসি বোলপুরের স্ত্রী ও মা- একবার নয়, পাঁচবার ছয়বার... কী কদর্য ভাষা।' এখানেই না থেমে শুভেন্দু বলেন, 'এর আগেও অনুব্রত পুলিশকে হুমকি দিয়েছেন, বোমা মারার কথা বলেছেন। মমতার সরকার কিছুই করেনি। নরেন্দ্র মোদীর সরকার ছিল বলেই এমন লোকেরা দু'বছর জেল খেটেছে। তিহার জেলে নিয়ে গিয়েছিল অনুব্রতকে। এখানে যখন ছিল, প্রতি রবিবার কচি পাঁঠার ঝোল খাওয়ানো হয়েছে, সবাই জানে।'

শুভেন্দু বলেন, 'অনুব্রত বোলপুরের আইসির মা বা বউ নয়, বাংলার প্রতিটি নারীকে অপমান করেছেন। একজন নারীর সম্ভ্রম, তাঁর সবকিছু কেড়ে নেওয়ার কথা বলেছেন। একবার নয়, অনেকবার। অনুব্রতর ভুলে ভরা চিঠিতে ক্ষমা চাওয়ায় এটা মিটবে না। আগামী ৯ জুন বোলপুরে বিজেপি মা-দিদিদের সম্মান হরণের প্রতিবাদে এক মিছিল হবে।' তিনি নিজে উপস্থিত থাকবেন বলেও জানান শুভেন্দু অধিকারী।

অন্যদিকে, সুকান্ত মজুমদারও অনুব্রত কাণ্ডে তৃণমূলকে কড়া আক্রমণ করেন। তিনি বলেন, 'তোষণের রাজনীতিতে মত্ত হয়ে রাজ্যের ব্যর্থ মুখ্যমন্ত্রী মমতা বন্দ্যোপাধ্যায় গতকাল সিঁদুর নিয়ে সমগ্র দেশের হিন্দু মহিলাদের প্রকাশ্যে অপমান করেছেন। তারপরই তাঁর পরম স্নেহভাজন 'কেষ্ট' ; বীরভূমের নেতা অনুব্রত মণ্ডল ; এক পুলিশকর্মীর মা ও বোনকে অশ্লীল ভাষায় অপমান করলেন। এ থেকেই স্পষ্ট বোঝা যায়, তৃণমূল কংগ্রেস আসলে মহিলাদের কী চোখে দেখে!'

সুকান্তর দাবি, লোকদেখানো শোকজ করে দৃষ্টি ঘোরানো যাবে না। মা-বোনেদের অপমান করা অনুব্রত মণ্ডলকে অবিলম্বে ২৪ ঘণ্টার মধ্যে গ্রেপ্তার করতে হবে।

## অঙ্কিতা ভান্ডারী খুনে যাবজ্জীবন

**দেরাদুন, ৩০ মে:** অঙ্কিতা ভান্ডারী হত্যাকাণ্ডে যাবজ্জীবন কারাদণ্ড পেল প্রাক্তন বিজেপি নেতার ছেলে। খুনের অপরাধে দোষী সাব্যস্ত হয়েছেন উত্তরাখণ্ডের প্রাক্তন বিজেপি নেতার ছেলে পুলকিত আর্য এবং আরও দুই। তাদের সকলকে যাবজ্জীবন কারাদণ্ডের সাজা শুনিয়েছে আদালত। ২০২২ সালে অঙ্কিতা ভান্ডারী হত্যাকাণ্ড সারা দেশে তোলপাড় ফেলে দিয়েছিল। সেই হত্যাকাণ্ডে এই সাজা ঘোষণা করেছে আদালত। পাশাপাশি তাদের প্রত্যেককে ৫০ হাজার টাকা জরিমানাও করা হয়েছে। পুলকিত ছাড়া বাকি দুই সাজাপ্রাপ্তের নাম সৌরভ ভাস্কর ও অঙ্কিত গুপ্ত। অঙ্কিতা হত্যাকাণ্ড তদন্তের জন্য বিশেষ তদন্তকারী দল গঠন করা হয়। তদন্তশেষে জমা পড়ে ৫০০ পাতার চার্জশিট। বিচার শুরু হয় ২০২৩ সালের ২৮ মার্চ। পুলকিতদের বিরুদ্ধে ভারতীয় ন্যায় সংহিতার ৩০২ (খুন), ২০১ (প্রমাণ লোপাট), ৩৫৪এ (যৌন নির্যাতন) ইত্যাদি ধারায় অভিযোগ আনা হয়েছিল। অঙ্কিতার মা অভিযুক্তদের ফাঁসির দাবি জানান। অবশেষে শুক্রবার যাবজ্জীবন কারাদণ্ড দিল অভিযুক্তদের।



*এ বারের আইপিএলে আলোড়ন ফেলেছেন বছর ১৪-র বৈভব সূর্যবংশী। রাজস্থান রয়্যালসের জার্সিতে খেলে কার্যত তিনি শোরগোল ফেলে দিয়েছেন। তাঁর ব্যাটিং দেখে মুগ্ধ সকলে। শুক্রবার দেশের প্রধানমন্ত্রী নরেন্দ্র মোদীও বিহার সফরে গিয়ে তাঁর সঙ্গে দেখা করেন। বিহারের ছেলে বৈভবের পিঠ চাপড়ে দেওয়ার পাশাপাশি তাঁকে বিশেষ বার্তাও দিয়েছেন প্রধানমন্ত্রী। নিজের অফিসিয়াল এক্স হ্যান্ডলে বৈভবের সঙ্গে সাক্ষাতের কয়েকটি ছবি ও বার্তা শেয়ার করেছেন মোদী।* -বিস্তারিত খেলার পাতায়

# 'ফণা তোলার চেষ্টা করলে গর্ত থেকে বার করে পিষে দেব'

## বিহারের সভা থেকে প্রতিশ্রুতি রক্ষার কথা বললেন মোদী



**পাটনা, ৩০ মে:** মধুবনীর সভা থেকে প্রত্যাঘাতের প্রতিশ্রুতি দিয়ে গিয়েছিলেন। প্রতিশ্রুতি মতো কথা রেখেছেন তিনি। শুক্রবার বিহারের সভা থেকে সেই কথা রাখার কথাই জানালেন প্রধানমন্ত্রী মোদী।

'প্রাণ যায় যাক, কিন্তু কথার খেলাপ হবে না।' 'অপারেশন সিঁদুর'-এর পর প্রথম বিহার সফরে গিয়ে প্রধানমন্ত্রী নরেন্দ্র মোদী জানালেন কথা রেখেছেন তিনি। গত ২২ এপ্রিল পহেলগাঁওয়ে জঙ্গি হামলার পরে বিহারের মধুবনীর সভা থেকে মোদী বলেছিলেন, 'যে সমস্ত সন্ত্রাসবাদী এই হামলা ঘটিয়েছে এবং যারা এই হামলার ষড়যন্ত্র করেছে, তারা এমন শাস্তি পাবে, যা তাদের কল্পনারও অতীত।' শুক্রবার সেই বিহারেরই কারাকাট থেকে প্রতিশ্রুতিরক্ষার কথা বললেন মোদী।

প্রধানমন্ত্রী বলেন, 'আমি বলেছিলাম যে, দোষীরা এমন শাস্তি পাবে, যা তাদের কল্পনারও অতীত। প্রতিশ্রুতিরক্ষা করে আজ আমি আবার বিহারে এসেছি।' সন্ত্রাসবাদের বিরুদ্ধে লড়াই চলবে বলে জানান প্রধানমন্ত্রী। সেই সূত্রেই তিনি বলেন, 'যদি সন্ত্রাসবাদ আবার ফণা তোলার চেষ্টা করে, তা হলে গর্ত থেকে বার করে এনে পিষে দেব।'

মাওবাদী দমন নিয়েও মুখ খোলেন মোদী। বলেন, 'দেশের সব শত্রুর বিরুদ্ধেই আমাদের লড়াই, সে তারা সীমান্তের ও পারে থাক বা দেশের ভিতরে। বিহারের মানুষ দেখেছেন, যারা হিংসা এবং অশান্তি ছড়িয়েছে, আমরা তাদের বিরুদ্ধে পদক্ষেপ করেছি।' তাঁর সরকারের আমলে দেশের মাওবাদী উপদ্রুত জেলার সংখ্যা ১২৫ থেকে কমে ১৮ হয়েছে বলে জানান প্রধানমন্ত্রী।

একদিন
আমার শহর
কলকাতা ৩১ মে ২০২৫, ১৬ জ্যৈষ্ঠ ১৪৩১



# নয়া বিজ্ঞপ্তি জারি হলেও নিজেদের অবস্থান থেকে সরছেন না যোগ্য চাকরিহারারা



**নিজস্ব প্রতিবেদন :** সকাল থেকে চাকরিহারাদের বিক্ষোভে উত্তপ্ত হয়ে উঠেছিল শিয়ালদা চত্বর। সেই বিক্ষোভ আটকাতে নজরে আসে পুলিশের অতিসক্রিয়তাও। বিক্ষোভকারীদের আটক করে প্রিজন ভ্যানে তুলে নিয়ে যাওয়ার ছবিও সামনে এসেছে এদিন। এরই মাঝে মুখ খুলতে দেখা গেল যোগ্য শিক্ষিক শিক্ষিকা অধিকার মঞ্চের অন্যতম মুখ চাকরিহারা শিক্ষক চিন্ময় মণ্ডলকে। নিয়োগ প্রক্রিয়ার বিজ্ঞপ্তি নিয়ে তাঁর প্রতিক্রিয়া স্পষ্ট। তিনি জানান, ‘নোটিফিকেশন জারি হয়ে এটা ভাল খবর। যাঁরা চাকরির পরীক্ষার জন্য এতদিন অপেক্ষা করেছিলেন, তাঁদের জন্য এটা ভাল খবর। কিন্তু, আমরা যোগ্য শিক্ষকরা কেন সেই চাকরির পরীক্ষায় ফের যাব? এতদিন যাঁরা চাকরি করছেন, সেই যোগ্য শিক্ষকদের জন্য একই নিয়ম বলবৎ হতে পারে না। আমাদের তো কোনও দোষ নেই।’

এদিকে রাজ্য কিন্তু বলছে, সুপ্রিম কোর্টের নির্দেশ মেনে নিয়োগ প্রক্রিয়ার বিজ্ঞপ্তি জারি করা হয়েছে।এই নিয়ে চিন্ময় মণ্ডল বলেন, ‘বিগত দিনে হাইকোর্ট ওএমআর প্রকাশের রায় দিয়েছিল। করা হয়নি। যোগ্য-অযোগ্য তালিকা জমা দিতে বলেছিল। দেওয়া হয়নি। কোনও উত্তর দেওয়া হয়নি। ডিএ নিয়ে রায় মানা হয়নি। উচ্চ আদালতে আবেদন করা হচ্ছে। আর এখন বলছেন, সুপ্রিম কোর্টের রায় মানতে বিজ্ঞপ্তি জারি করা হচ্ছে। দেখছেন ভোটের আগে একটা পরীক্ষা নিলে ভাল হয়। সকলকে নিয়ে নিতে পারলে ভাল হয়। দুর্নীতিকে চাপা দেওয়া যাবে। আদালতের রায় মানুন। কিন্তু, যোগ্যদের পুনর্বহাল করতে হবে।’

এর পাশাপাশি নিয়োগ বিধিতে যে বদল করা হয়েছে সে ব্যাপারেও চিন্ময় মণ্ডল জানান, ‘৬০ নম্বরের কাট অফ ক্লিয়ার করলেই পরবর্তী স্টেপে যাওয়া যাবে। আমরা ১০ বছর চাকরির পরীক্ষার প্রস্তুতির বাইরে। নতুনদের সঙ্গে প্রতিযোগিতা করা যায়? তাছাড়া আমাদের যে অধিকার, তা কেন ছেড়ে দেব? পরীক্ষা এর সুরাহা হতে পারে না। শূন্যপদে শুধু নতুনদের নিয়োগ করা দরকার।’

শুধু চিন্ময়ই নন, আন্দোলনরত আর এক চাকরিহারা বলেন, ‘নিয়োগ বিধি যে জারি হয়েছে, সেখানে ১০ নম্বর শিক্ষকতার পূর্ব অভিজ্ঞতার জন্য, লেকচার ডেমোস্ট্রেশনের জন্য ১০ নম্বর ও ১০ নম্বর ইন্টারভিউয়ের জন্য রয়েছে। অর্থাৎ আরও যাতে সুন্দরভাবে দুর্নীতি করা যায়, তারই ব্যবস্থা করা হয়েছে।’

# বদলির নির্দেশের বিরোধিতা করে কলকাতা হাইকোর্টের দ্বারস্থ দেবাশিসরা





**নিজস্ব প্রতিবেদন :** কলকাতা হাইকোর্টের দ্বারস্থ হলেন দেবাশিস হালদার ও আসফাকুল্লাহ নাইয়া। এদিকে ওয়েস্ট বেঙ্গল জুনিয়র ডক্টরস ফ্রন্টের অভিযোগ, প্রতিহিংসার কারণেই আরজি কর আন্দোলনের অন্যতম মুখ চিকিৎসক দেবাশিস হালদার, আসফাকুল্লা নাইয়াদের বদলি করা হয়েছে। শুক্রবার সেই বদলির নির্দেশের বিরোধিতা করে কলকাতা হাইকোর্টের দ্বারস্থ হন ওই দুই চিকিৎসক। অন্যদিকে অনিকেত মাহাতো জানিয়েছেন, তিনি জয়েনও করবেন না, বেতনও নেবেন না।

আদালত সূত্রে খবর, হাইকোর্টের দৃষ্টি আকর্ষণ করে মামলাকারীদের আইনজীবী অর্ক মাইতি জানান, কাউন্সেলিংয়ে যেখানে পোস্টিং দেওয়া হয়েছিল, সেখানেই পোস্টিংয়ের দাবি জানিয়েছেন তাঁর মক্কেলরা। অন্য কোথাও নয়। পাশাপাশি এ অভিযোগও করেছেন, নিয়ম মেনে কাউন্সেলিংয়ের পরেও তাঁরা পছন্দের জায়গায় ‘পোস্টিং’ পাননি। পছন্দের জায়গায় যদি ‘পোস্টিং’ না দেওয়া হয়, তবে কাউন্সেলিংয়ের মানে কী তা নিয়েও প্রশ্ন তোলেন এই তিন চিকিৎসক। এছাড়াও আইনজীবী আবেদনে জানিয়েছেন, চিকিৎসকরা হেলথ ডিপার্টমেন্টের আওতায় হলেও তাঁরা সিনিয়র রেসিডেন্ট ডক্টর। রাজ্যের সঙ্গে তাঁদের চাকরির চুক্তি রয়েছে। চিকিৎসকদের মামলা দায়ের করার অনুমতি দেন বিচারপতি। বিচারপতি পার্থসারথি চট্টোপাধ্যায়ের বেঞ্চে আগামী ৫ জুলাই মামলার শুনানি হওয়ার সম্ভাবনা।

এদিকে সূত্রের খবর, পিজিটি থেকে সিনিয়র রেসিডেন্ট হওয়ার কথা এই তিন চিকিৎসকের। বর্তমানে সিনিয়ার রেসিডেন্ট চিকিৎসক হিসেবে কাজ করছেন দেবাশিস হালদার। নিয়ম অনুযায়ী একটি গ্রামীণ অঞ্চলে পোস্টিং হওয়ার কথা তাঁর। সেই অনুযায়ী কাউন্সেলিং হয়। কাউন্সেলিং-এ হাওড়ায় পোস্টিং হয় তাঁর। কিন্তু মেরিট লিস্ট বেরতেই দেখা যায়, তাঁর নামের পাশে মালদহের গাজোলের হাসপাতালের নাম। অভিযোগ, ৭৭৮ জনের মধ্যে শুধুমাত্র দেবাশিসের পোস্টিংই এভাবে বদলে দেওয়া হয়েছে। আরও দেখা গিয়েছে যে গাজোলের ওই হাসপাতালে কোনও শূন্যপদই ছিল না। অনিকেত মাহাতো ও আসফাকুল্লাহ নাইয়ার সঙ্গেও একই ঘটনা। আসফাকুল্লাকে পাঠানো হয়েছে পুরুলিয়ায়। ৮৭১ জনের মধ্যে শুধুমাত্র তাঁদের পোস্টিং বদলে দেওয়া হয়েছে বলেও অভিযোগ। এরপর পোস্টিং নিয়ে স্বাস্থ্য সচিবের কাছে ব্যাখ্যা চেয়েছিলেন জুনিয়র চিকিৎসকরা। স্বাস্থ্য সচিবের ঘরের সামনে বিক্ষোভও দেখান তাঁরা। অবশ্য স্বাস্থ্য সচিব নারায়ণস্বরূপ নিগম জানিয়ে দেন, কোনও অভিযোগ থাকলে লিখিত জানাতে হবে। এদিকে সরকারি সিদ্ধান্তকে চ্যালেঞ্জ জানিয়ে সিনিয়র রেসিডেন্ট পোস্টিং-এ যোগ দিচ্ছেন না অনিকেত। আইনি লড়াই চালিয়ে যাওয়ার সিদ্ধান্ত নিয়েছেন তিনি। দেবাশিস হালদার, আসফাকুল্লাহ কাজে যোগ দিলেও আইনি লড়াই চালিয়ে যাবেন। তাঁদের বক্তব্য, গ্রামে যেতে আপত্তি নেই বোঝাতেই এই সিদ্ধান্ত নিয়েছেন তাঁরা। মামলা দায়ের করার অনুমতি দিয়েছে আদালত। আগামী ৫ জুন মামলার শুনানি।

# তৃণমূলের আইনি সেলের নতুন দায়িত্ব পেলেন চন্দ্রিমা



**নিজস্ব প্রতিবেদন :** দায়িত্ব বাড়ল চন্দ্রিমা ভট্টাচার্যের। পেলেন তৃণমূল লিগাল সেলের নতুন দায়িত্ব। তৃণমূলের রদবদলের মধ্যেই মলয় ঘটককে সরিয়ে লিগ্যাল সেলের দায়িত্ব দেওয়া হল তাঁকে। পেশায় আইনজীবী চন্দ্রিমা আগে চার বছর রাজ্যের আইন মন্ত্রীর দায়িত্ব সামলেছিলেন তিনি। এবার তাঁকেই লিগাল সেলের চেয়ারম্যান করল দল। ইতিমধ্যেই দলের তরফে বিবৃতি জারি করে জানানো হয়েছে লিগাল সেলের চেয়ারপার্সনের পদে বসানো হচ্ছে চন্দ্রিমাকে।

প্রসঙ্গত, সাংগঠনিক স্তরে ইতিমধ্যেই দলের মহিলা সেলের সভানেত্রী পদে রয়েছেন চন্দ্রিমা। অন্যদিকে সরকারি স্তরে অর্থ মন্ত্রকের প্রতিমন্ত্রীর দায়িত্বও রয়েছে তাঁরই হাতে। এরই পাশাপাশি রাজ্যের স্বরাষ্ট্র মন্ত্রকের রাষ্ট্রমন্ত্রীর দায়িত্ব সামালাচ্ছেন তিনি। এবার তাঁর মাথাতেই এবার নতুন পালক। রাজনৈতিক বিশ্লেষকদের বড় অংশের মতে, সাম্প্রতিককালে একের পর এক মামলায় আদালাতে বারবার ধাক্কা খেতে হয়েছে রাজ্যকে। ফলে প্রতিনিয়তই অস্বস্তিতে পড়তে হচ্ছে শাসকদলকে। যা মোটেই কাম্য নয়। এমন অস্বস্তিকর অবস্থা যাতে আর তৈরি না হয় সেই কারণেই চন্দ্রিমাকে লিগাল সেলের মাথায় এনেই ফের ঘুরে দাঁড়াতে চাইছে দল। শুধু তাই নয়, আইনজীবী চন্দ্রিমার উপরেই ভরসা করে দলের আইনজীবী সেলকে ফের নতুন করে শক্তিশালী করতে চাইছে তৃণমূল। প্রসঙ্গত, এর আগে যতবারই তাঁকে নতুন দায়িত্ব দেওয়া হয়েছে তা মাথা পেতে নিয়েছেন চন্দ্রিমা। সরকারের হয়ে দিল্লিতে প্রতিনিধিত্ব করেছেন। এমনকী রাজ্যের বুকেও একাধিক গুরুত্বপূর্ণ বৈঠকে খোদ মুখ্যমন্ত্রী মমতা বন্দ্যোপাধ্যায়ের পাশেও দেখা গিয়েছে চন্দ্রিমাকে।

# ব্যারাকপুরে আচমকা ধস

**নিজস্ব প্রতিবেদন :** ব্যারাকপুর পুরসভার ২ নম্বর ওয়ার্ডের কালিয়ানিবাস ত্রিকোন পার্কের কাছে জে আর আর রোডে শুক্রবার আচমকা ধস নামে। ধসের ফলে গুরুত্বপূর্ণ এই রাস্তায় মাঝে বড় একটা গর্তের সৃষ্টি হয়েছে। রাস্তার মাঝে ধস নিয়ে স্থানীয় কাউন্সিলর সম্রাট তপাদার বলেন, জে আর আর রোড অতি গুরুত্বপূর্ণ রাস্তা।



সেই রাস্তায় ধস নেমেছে। বিষয়টি পুরপ্রধানের নজরে আনা হয়েছে। খুব শীঘ্রই ধস মেরামতির কাজ শুরু হবে। অপরদিকে পুরপ্রধান উত্তম দাস বলেন, পুরসভার ইঞ্জিনিয়ার ধস কবলিত স্থল পরিদর্শন করেছেন। ওই জায়গাটা মেরামতি করা হবে। ধসের কারন নিয়ে পুরপ্রধানের সাফাই, মাটির তলা দিয়ে জলের পাইপ লাইন গিয়েছে। তাছাড়া সুয়ারেজ লাইনের পাইপও মাটির তলা দিয়ে গেছে। যার ফলে কোনও কারন বশত: ধসের সৃষ্টি হয়েছে।



স্বরাষ্ট্রমন্ত্রী অমিত শাহ আসার আগে শুক্রবার বিজেপি রাজ্য সভাপতি সুকান্ত মজুমদার নেতাজি ইনডোর স্টেডিয়াম পরিদর্শন করলেন।

# কালীগঞ্জ উপনির্বাচনে ১৪ কোম্পানি কেন্দ্রীয় বাহিনী মোতায়েনের সিদ্ধান্ত কমিশনের

**নিজস্ব প্রতিবেদন :** কালীগঞ্জ বিধানসভা কেন্দ্রে উপনির্বাচনের জন্য মোতায়েন হচ্ছে কেন্দ্রীয় বাহিনী। আর তাতে ১৪ কোম্পানি কেন্দ্রীয় বাহিনী মোতায়নের সিদ্ধান্ত নিয়েছে নির্বাচন কমিশন, সূত্রে এমনটাই খবর। ২০২৬-এর বিধানসভা নির্বাচনের আগে কালীগঞ্জের উপনির্বাচন অৎয়ন্ত গুরুত্বরপূর্ণ হয়ে দাঁড়াচ্ছে বঙ্গের প্রতিটি রাজনৈতিক দলের কাছে। কারণ, আরজি কর থেকে শুরু করে নানা দুর্নীতি, বিশেষত প্রায় ২৬ হাজার শিক্ষকের চাকরি যাওয়ার ঘটনার সঙ্গে আরও নানা ঘটনায় শাসকদলের স্বচ্ছ ভাবমূর্তি আদৌ বজায় রয়েছে কিনা তার অনেকটাই আঁচ পাওয়া যাবে এই উপনির্বাচনে। একইসঙ্গে বাম এবং কংগ্রেস যারা সংখ্যার বিচারে বঙ্গ রাজনীতিতে থেকে প্রায় আবার ধুয়ে মুছে যেতে বসেছে তারাও তাদের গ্রহণযোগ্যতা সম্পর্কে একটা আঁচ পেতে পারে। উল্টোদিকে শাসক দলের তরফে তারা নিজেদের সাংগঠনিক শক্তি পরখ করে নিতে চলেছে তৃণমূল শিবির। এই আবহে নির্বাচন কমিশন সূত্রে খবর, নদিয়ার কালীগঞ্জ কেন্দ্রে নির্বাচনের জন্য আপাতত ১৪ কোম্পানি কেন্দ্রীয় বাহিনী মোতায়েন করার সিদ্ধান্ত নেওয়া হয়েছে। তবে পরে এই সংখ্যা বাড়ানো হতে পারে। কমিশন সূত্রে খবর, আগামী সপ্তাহ থেকেই ঢুকবে কেন্দ্রীয় বাহিনী। প্রয়োজনে কেন্দ্রীয় বাহিনীর সংখ্যা বাড়ানোও হতে পারে। প্রসঙ্গত, ১৯ জুন কালীগঞ্জ বিধানসভার উপনির্বাচন। বিধায়ক নাসিরুদ্দিন আহমেদের প্রয়াণে কালীগঞ্জ বিধানসভা আসনে উপনির্বাচন হবে। বাংলার কালীগঞ্জ বিধানসভা আসন তৃণমূল কংগ্রেসের হাতেই ছিল। উপনির্বাচনেও আবার সেই আসন তৃণমূল কংগ্রেসের হাতেই থাকবে বলে দাবি রাজ্যের শাসকদলের নেতাদের। এই নির্বাচনে তাই ভোটসংখ্যা বাড়ানোই লক্ষ্য তৃণমূল কংগ্রেসের। এই উপনির্বাচনে যত বেশি সম্ভব ভোট নিজেদের বাক্সে নিয়ে আসা সেদিকেই টার্গেট শাসকদলের।

# বরানগরে সাফাই কর্মীদের প্রকাশ্যে ধমক কাউন্সিলরের

**নিজস্ব প্রতিবেদন:** ডেঙ্গুর প্রকোপ থেকে বাঁচতে বর্ষার আগেভাগেই ময়লা আবর্জনা সাফাই অভিযানে নেমেছে বরানগর পুরসভা। এলাকায় নিয়মিত সাফাই অভিযান হচ্ছে কিনা, তা খতিয়ে দেখতে শুক্রবার নিজের ওয়ার্ড পরিদর্শন করলেন বরানগর পুরসভার ১২ নম্বর ওয়ার্ডের কাউন্সিলর সঞ্চিতা দে। ওয়ার্ড পরিদর্শনে গিয়ে বিভিন্ন জায়গায় তিনি নোংরা আবর্জনার স্তুপ দেখতে পান। পুর কর্মীরা কেন ঠিকমতো আবর্জনা সাফাই করছে না, তা নিয়ে প্রকাশ্যে পুর কর্মীদের তিনি ধমকও দিলেন। রাস্তা কিংবা ড্রেন দখল করে থাকা দোকানপাট নিয়েও এদিন তিনি সোচ্চার হলেন। এমনকি জবরদখল ভেঙে ফেলার হুঁশিয়ারিও তিনি দিলেন। সংবাদ মাধ্যমের মুখোমুখি হয়ে বরানগর পুরসভার ১২ নম্বর ওয়ার্ডের কাউন্সিলর সঞ্চিতা দে বলেন, দোকান থেকে ময়লা আবর্জনা রাস্তার ওপর ফেলা হচ্ছে। সেই আবর্জনা ড্রেনে গিয়ে পড়ছে। ময়লা অবর্জনা নিয়মিত ড্রেনে পড়ায় ড্রেন দিয়ে জল বেরোতে পারছে না। ফলে বৃষ্টিতে এলাকায় জল দাঁড়িয়ে যাচ্ছে। তিনি আরও বলেন, বেশ কয়েকটি দোকান রাস্তা কিংবা ড্রেন দখল করে নিয়েছে। সেগুলো দ্রুত ভেঙে ফেলা হবে।

বেসরকারি ক্ষেত্রে নিয়োগে খবরদারি নয়

# দলীয় নেতাদের বার্তা তৃণমূল হাইকম্যান্ডের



**নিজস্ব প্রতিবেদন :** সম্যক জ্ঞান লাভ বাংলার শাসকদল তৃণমূল কংগ্রেসের। ২০২৬-এর বিধানসভা নির্বাচনের আগে দলের স্বচ্ছ ভাবমূর্তি বজায় রাখতে আরও এক কদম এগিয়ে তৃণমূল হাইকমান্ড, নেতাদের স্পষ্ট বার্তা দিল বেসরকারি ক্ষেত্রে নিয়োগে খবরদারি নয়। নিয়োগ দুর্নীতি থেকে এমনই শিক্ষা লাভ করে স্পষ্ট বার্তা তৃণমূল হাইকম্যান্ডের। তৃণমূলের অন্দরের খবর, শ্রমিক সংগঠনের তরফ থেকে দলের এই বার্তা সমস্ত জায়গায় পাঠিয়ে দেওয়া হয়েছে। নিয়োগ দুর্নীতি থেকে শিক্ষা নিয়ে জিরো টলারেন্সের কথা এবার বারবার বলছে তৃণমূল। একইসঙ্গে এও বার্তা দেওয়া হয়েছে যে, এই প্রক্রিয়া শুধু সরকারি ক্ষেত্রে নয়, বেসরকারি ক্ষেত্রেও সম্পূর্ণ ভাবে মেনে চলতে হবে। প্রসঙ্গত, দুর্গাপুর ও হলদিয়া নিয়ে আগেই সতর্ক করেছিলেন মমতা বন্দ্যোপাধ্যায়। এরপরই বদলে দেন সাংগঠনিক চেহারা, খোদ শ্রমিক সংগঠনের রাজ্য সভাপতিকে দুই শিল্পাঞ্চলের কোর কমিটির মাথায় বসিয়ে দেন। কারণ, অনেক ক্ষেত্রেই প্রবণতা দেখা যায় শিল্পাঞ্চলে নেতারা নিজেদের লোক ঢোকাতে চেষ্টা করে। যা মালিক পক্ষের ক্ষোভের কারণ হয়ে দাঁড়িয়ে যায়। এর পাশাপাশি শিল্পের পরিবেশের ক্ষতি হয়। ২০২৬-এর বিধানসভা নির্বাচনের আগে এই অবস্থা থেকেই বেরিয়ে আসতে চাইছে শাসক দল। এই প্রসঙ্গে বলে রাখা শ্রেয় ২০২১-এর বিধানসভা নির্বাচনে শিল্পাঞ্চলের আসন হলদিয়া, কুলটি, দুর্গাপুর পশ্চিম, কুলটি, আসানসোল দক্ষিণ, রঘুনাথপুর, ডাবগ্রাম ফুলবাড়ি হেরে যায় তৃণমূল কংগ্রেস। একমাত্র দুর্গাপুর পূর্ব আসনে জেতে তৃণমূল। এবার সেই জমি দখল করতে চায় জোড়াফুল। সেই কারণেই তৃণমূলের তরফে এদিন স্পষ্ট এও জানিয়ে দেওয়া হয়, সুপারিশের অভিযোগ পেলেই তড়িঘড়ি ব্যবস্থা নেবে দল। রাজ্য সভাপতির বিরুদ্ধে সুপারিশের অভিযোগ আসলে জেলাশাসক ও জেলা পুলিশ সুপারকে অভিযোগ জানাতে হবে।



# উদ্ভাবনী প্রতিযোগিতায় দেশের সেরা কলকাতার আইইএম

**নিজস্ব প্রতিবেদন :** উদ্ভাবন সংক্রান্ত এক শীর্ষ স্থানীয় প্রতিযোগিতায় সেরা হল কলকাতার আইইএম। কলকাতার আইইএম-এর টিম অয়েললোভেটরস UST SIGHT-এ শীর্ষ জাতীয় সম্মান জিতেছে। বোর্ডরুম উপস্থাপনা এবং স্টল এক্সিকিউশন রাউন্ডে অসাধারণ পারফরম্যান্স করেই বেঙ্গালুরু ও চেন্নাই সহ বিভিন্ন শহরের শীর্ষ শিক্ষা প্রতিষ্ঠানকে হারিয়ে এই সম্মাননা জিতেছে আইইএম কলকাতা। বিজয়ী দলে রয়েছেন শ্যামন্তন কুণ্ডু, আদ্রিজা ঘোষ এবং শুভজিৎ মাইতি। এঁরা সকলেই সিএসই এবং ইসিই বিভাগের তৃতীয় বর্ষের শিক্ষার্থী। আইইএম-ইউইএম গ্রুপের পরিচালক অধ্যাপক ডঃ সত্যজিৎ চক্রবর্তী বিজয়ীদের অভিনন্দন জানিয়ে বলেছেন, ‘এমন জয় আইইএম-এ আমরা যে গবেষণা ও উদ্ভাবনী সংস্কৃতি প্রচার করি, তারই প্রতিফলন।’

# পানিহাটিতে প্রাক্তন কাউন্সিলরের হাতে ‘আক্রান্ত’ দম্পতি

**নিজস্ব প্রতিবেদন:** এক আত্মীয়কে ডাক্তার দেখাতে নিয়ে গিয়ে শাসকদলের কাউন্সিলর ও তাঁর দলবলের হাতে আক্রান্ত দম্পতি। বৃহস্পতিবার রাতে ঘটনাটি ঘটেছে খড়দা থানার পানিহাটি পুরসভার ২ নম্বর ওয়ার্ডের দত্ত রোডে। জানা গিয়েছে, অসুস্থ দিদিকে নিয়ে ডাক্তারের চেম্বারে গিয়েছিলেন রঞ্জিত মজুমদার ও তাঁর স্ত্রী বর্ণালী মজুমদার। সেইসময় চেম্বারে রোগীদের খুব ভিড় ছিল। রঞ্জিত বাবু চেম্বারের ভেতরে না ঢুকে বাইরে দাঁড়িয়েছিলেন। আচমকা সেখানে হাজির হন শাসকদলের প্রাক্তন কাউন্সিলর সুভাষ গাঙ্গুলি। অভিযোগ, প্রাক্তন কাউন্সিলর গালিগালাজ করে বলেন চেম্বারে এত ভিড়, তবুও রোগী চিকিৎসকের সঙ্গে গল্প করছেন। গালিগালাজের প্রতিবাদ করায় রঞ্জিত বাবুর সঙ্গে প্রাক্তন কাউন্সিলরের তীব্র বচসা বেধে যায়। আক্রান্ত রঞ্জিত মজুমদারের অভিযোগ, উভয় পক্ষের মধ্যে বচসা চলাকালীন প্রাক্তন কাউন্সিলর তাঁকে এলোপাথাড়ি মারধোর শুরু করেন। ডাক্তারের চেম্বার থেকে স্ত্রী বেরিয়ে ঠেকাতে গেলে ওকে ধাক্কা মেরে সরিয়ে দেয়। আক্রান্তের আরও অভিযোগ, ক্ষণিকের মধ্যে সেখানে প্রাক্তন কাউন্সিলরের লোকজন জমায়েত হন। কাউন্সিলরের দলবল হুমকি দিয়ে বলে তাঁকে নাকি গঙ্গার পাড়ে তুলে নিয়ে যাবে। আক্রান্তের স্ত্রী বর্ণালী মজুমদার জানান, বর্ধমান থেকে দিদি এসেছেন। ওনাকে নিয়ে ডাক্তারের চেম্বারে গিয়েছিলাম। চেম্বারের বাইরে দাঁড়িয়েছিলেন তাঁর স্বামী। তখন প্রাক্তন কাউন্সিলর এসে স্বামীকে আজেবাজে কথা বলেন। প্রতিবাদ করায় উনি তাঁর স্বামীকে মারধোর করেন। চেম্বার থেকে বেরিয়ে এসে স্বামীকে বাঁচাতে গেলে তাঁকে ওরা সজোরে ধাক্কা মেরে সরিয়ে দেয়। যদিও ঘটনার পর থেকে আতঙ্কে মজুমদার দম্পতি। আক্রান্ত রঞ্জিত মজুমদার শুক্রবার খড়দা থানায় অভিযোগ দায়ের করেন। ঘটনার তদন্তে খড়দা থানার পুলিশ। যদিও মারধোর করার অভিযোগ ঠিক নয় বলে দাবি করেছেন প্রাক্তন কাউন্সিলর সুভাষ গাঙ্গুলী। তিনি বলেন, দু’পক্ষের মধ্যে মৃদু কথা কাটাকাটি হয়েছে মাত্র। বড় ধরনের কিছুই হয়নি। এমনকি মারধোর করার অভিযোগও মিথ্যা।

# নয়া বিজ্ঞপ্তি জারিতে আদালতে পরীক্ষা বাতিলের আশঙ্কা প্রকাশ বিকাশ, সুকান্তর

**নিজস্ব প্রতিবেদন :** সুপ্রিম কোর্টের নির্দেশ মেনে শিক্ষক শিক্ষিকা নিয়োগ প্রক্রিয়ার বিজ্ঞপ্তি জারি করেছে স্কুল সার্ভিস কমিশন অর্থাৎ এসএসসি। একইসঙ্গে এবারের পরীক্ষার নিয়োগ বিধিও জানানো হয়েছে। স্কুল শিক্ষা দপ্তরের নতুন করে শিক্ষক নিয়োগ প্রক্রিয়ার নিয়ম ঘিরে তৈরি হয়েছে বিতর্ক। এই প্রসঙ্গে মুখ খোলেন আইনজীবী তথা সিপিএম নেতা বিকাশরঞ্জন ভট্টাচার্য। তিনি স্পষ্টই জানান, ২০১৬ সালে যে নিয়মে পরীক্ষা হয়েছিল, তার বদল হলেই এবার পরীক্ষাও বাতিল হবে। রাজ্য সরকারকে আক্রমণ করে সরব হয়েছেন কেন্দ্রীয় শিক্ষা প্রতিমন্ত্রী সুকান্ত মজুমদারও।

প্রসঙ্গত, মুখ্যমন্ত্রীর ঘোষণা মতো শুক্রবার প্রকাশিত হয়েছে এসএসসি-র শিক্ষক নিয়োগের পরীক্ষার বিধি। ২০১৬ সালের বাতিল প্যানেলের শূন্যপদে শিক্ষক নিয়োগের জন্য বিধি প্রকাশ করেছে এসএসসি।আর তাতে শিক্ষক নিয়োগের পরীক্ষাবিধিতে ব্যাপক রদবদল করা হয়। ২০১৬ সালে লিখিত পরীক্ষা হয়েছিল ৫৫ নম্বরের। সেখানে এবার লিখিত পরীক্ষার পূর্ণমান বাড়িয়ে করা হয়েছে ৬০। আগের প্রক্রিয়ায় শিক্ষাগত যোগ্যতার জন্য বরাদ্দ ছিল ৩৫ নম্বর। এবার তা কমিয়ে করা হয়েছে ১০। আগের নিয়োগ প্রক্রিয়ায় পার্সোন্যালিটি টেস্টের জন্য বরাদ্দ ছিল ১০। সেখানে এবার ইন্টারভিউর জন্য বরাদ্দ করা হয়েছে ১০, পড়ানোর দক্ষতার জন্য বরাদ্দ করা হয়েছে ১০ ও অভিজ্ঞতার জন্য বরাদ্দ করা হয়েছে ১০ নম্বর। আর এখানেই দুর্নীতির সম্ভাবনা দেখছেন বিরোধীরা। শুক্রবার এই প্রসঙ্গে বিকাশরঞ্জন ভট্টাচার্য জানান, ‘আদালতের নির্দেশে ২০১৪ ও ২০১৬ সালের নিয়মে নিয়োগ প্রক্রিয়া চালাতে হবে। তার বাইরে কিছু করলে নিজেদের বিপদ নিজেরা ডেকে আনবে রাজ্য সরকার। ২০১৬ সালের নিয়োগপ্রক্রিয়ার নিয়মের বাইরে গেলে ফের গোটা প্রক্রিয়া আদালতে বাতিল হয়ে যাবে। রাজ্য সরকারের দুর্নীতির জন্য ২০১৬ সালের নিয়োগপ্রক্রিয়ায় অংশগ্রহণকারীরা চাকরি হারিয়েছেন। সেই চাকরি পাওয়ার অধিকার অন্য কারও নেই।’ শুধু বিকাশরঞ্জনই নন, এই ইস্যুতে সরব হতে দেখা গেল রাজ্য বিজেপি সভাপতি সুকান্ত মজুমদারকেও। এই প্রসঙ্গে সুকান্তর বক্তব্য, ‘এই রাজ্য সরকার ইচ্ছে করে বারবার জটিলতা তৈরি করছে। কারণ এই রাজ্য সরকার চাকরি দিতে চায় না। রাজ্য সরকারের ভাঁড়ার শূন্য। যাঁদের চাকরি গিয়েছে, তাঁদের মধ্যে যোগ্যও রয়েছেন। অযোগ্যও রয়েছেন। যোগ্য ও অযোগ্যদের জন্য একই ব্যবস্থা হতে পারে না। কিন্তু, এই রাজ্য সরকার ঘুরপথে এই ডেমোস্ট্রেশনের নম্বর ও মৌখিকের নম্বর বাড়িয়ে যোগ্যদের পাশাপাশি অযোগ্যদেরও চাকরি পাইয়ে দিতে চাইছে। কারণ অযোগ্যরা টাকা দিয়েছে। অযোগ্যদের বাঁচানোর জন্য প্রচেষ্টা চলছে। যোগ্য-অযোগ্যদের তালিকা আদালতে দিয়ে দিলেই সমস্যা হত না। পশ্চিমবঙ্গের শিক্ষাব্যবস্থাকে অন্তর্জলি যাত্রায় পাঠানো হয়েছে।’ অন্যদিকে এই নয়া নিয়ম নিয়ে সরব বঙ্গীয় শিক্ষক ও শিক্ষাকর্মী সমিতিও। সংগঠনের সাধারণ সম্পাদক স্বপন মণ্ডল জানান, ‘নিয়োগ বিধিতে একাধিক পরিবর্তন আনা হয়েছে। চাকরিহারারা কিছু কিছু ক্ষেত্রে সুবিধা পাবেন। যাঁরা নতুন পরীক্ষার্থী, তাদের ক্ষেত্রে কিছু অসুবিধা হবে। এসএসসি ইচ্ছে করলে কাউকে বেশি নম্বর কিংবা কাউকে কম নম্বর দিতে পারে। আমরা বুঝতে পারছি না, সরকার নতুন করে কোনও জটিলতাকে আহ্বান করছে কি না। আমরা আশঙ্কা করছি, এর ফলে আবার যদি মামলা হয় আদালতে এবং নিয়োগ আটকে যায়, ক্ষতি হবে রাজ্যের। ক্ষতি হবে শিক্ষার্থীদের। সার্বিকভাবে শিক্ষা ব্যবস্থার ক্ষতি হবে। নতুন নিয়োগ বিধিতে কিছু ফাঁকফোকর এবং বিতর্কিত বিষয় রয়েই গেল। এগুলো না থাকলেই ভাল হত। এটাকে আমরা অবাঞ্ছিত বলে মনে করছি।’

# কলেজ ছাত্রের ঝুলন্ত দেহ উদ্ধার গড়িয়াহাটে


**নিজস্ব প্রতিবেদন :** এক কলেজ ছাত্রের ঝুলন্ত দেহ উদ্ধার গড়িয়াহাটে। সূত্রে খবর, মৃত ছাত্রের নাম নীল সেন। বছর উনিশের নীলের দেহ উদ্ধার করা হয় তাঁরই বাড়ি থেকে। প্রাথমিকভাবে মনে করা হচ্ছে, আত্মঘাতী হয়েছেন ওই ছাত্র। ইতিমধ্যেই তাঁর দেহ ময়নাতদন্তে জন্য পাঠানো হয়েছে। ঘটনায় পুলিশ অস্বাভাবিক মৃত্যুর মামলা রুজু করে তদন্ত শুরু করেছে।

সম্পাদকীয়

## তাপপ্রবাহের জন্য বিদ্যালয় বন্ধ হলে সরকারের মিড ডে মিল থেকে বঞ্চিত হয় দরিদ্র পরিবারের পড়ুয়ারা

বিগত কয়েক বছর থেকেই দেখা যাচ্ছে, রাজ্যে তীব্র তাপপ্রবাহ শুরু হলেই সরকারি সাহায্যপ্রাপ্ত বিদ্যালয়গুলিতে গ্রীষ্মের ছুটি ঘোষণা করে দেওয়া হচ্ছে। এতে বিদ্যালয়গুলির পঠনপাঠন দিবস অনেকটাই কমে যাচ্ছে। দরিদ্র-নিম্নবিত্ত পরিবারের সন্তান, যারা মিড-ডে মিলের মাধ্যমেই কিছুটা পুষ্টি লাভ করে, তারা বঞ্চিত হচ্ছে। বিকল্প হিসাবে সকালে ক্লাসের কথা ভাবতে বলেছেন। কিন্তু এই প্রস্তাবের গ্রহণযোগ্যতা কম। একটা সময় গ্রামাঞ্চলে নিয়মিত ভাবেই প্রায় মাস দেড়েক সকালে ক্লাস হত। তখন বিদ্যালয়গুলিতে শিক্ষক নিয়োগ হত পরিচালন সমিতির হাত দিয়ে। শিক্ষকদের অধিকাংশই হতেন স্থানীয় অধিবাসী। দু'-চার জন শিক্ষক বহিরাগত হলেও যানবাহনের অপ্রতুলতার জন্য তাঁরা সাধারণত বিদ্যালয়-এলাকাতেই থাকতেন। ফলে সকালে ক্লাস হলেও সমস্যা হত না। কিন্তু স্কুল সার্ভিস কমিশন গঠনের পরে অধিকাংশ শিক্ষকই এখন বাইরে থাকেন। বিদ্যালয়ের অবস্থান প্রত্যন্ত এলাকায় হলে তাঁরা কাছাকাছি শহরে থাকেন। সেই সব শহর থেকে অত সকালে বিদ্যালয় পৌঁছনোর মতো পরিবহণ ব্যবস্থা অধিকাংশ ক্ষেত্রেই নেই। পত্রলেখিকা ওই সময় তাঁদের বিদ্যালয়ের কাছাকাছি বাসা ভাড়া নেওয়ার প্রস্তাব দিয়েছেন। কিন্তু স্বল্প সময়ের জন্য বাসা ভাড়া দিতে ক'জন রাজি হবেন? তা ছাড়া প্রত্যন্ত এলাকায় ভাড়া দেওয়ার মতো পরিকাঠামো ক'জনের বাড়িতে থাকে? শিক্ষিকাদের ক্ষেত্রে নিরাপত্তার বিষয়টাও গুরুত্বপূর্ণ। তাই একটি বিকল্প প্রস্তাব রাখছি। মধ্যশিক্ষা পর্ষদ একটি মডেল ছুটির তালিকা প্রকাশ করুক, যেখানে এপ্রিল মাসের শেষের দিক থেকে জুনের ১০ তারিখ পর্যন্ত গ্রীষ্মের ছুটি উল্লিখিত হোক। রবিবার বাদ দিয়ে চল্লিশ দিন ওখানে ধরা থাক। পুজোর ছুটিকে রবিবার বাদ দিয়ে যদি সাত দিনে নামিয়ে আনা যায়, তা হলে এই দু'টি বড় ছুটিতে ৪৭ দিন ব্যয় হল। বাকি ছুটির দিনগুলির জন্য সর্বাধিক ২৩ দিন ব্যয় হতে পারে। সে ক্ষেত্রে বর্তমান বাৎসরিক ৬৫ দিন ছুটির তালিকাতে সামান্য বৃদ্ধি ঘটিয়ে বিষয়টির একটি গ্রহণযোগ্য সমাধান করা যেতে পারে।

### শব্দবাণ-২৮৯



শুভজ্যোতি রায়

**সূত্র—পাশাপাশি:** ১. নারীজাতির স্ববশবর্তিতা ৪. সুন্দর ৫. শিব, মহাদেব ৭. উৎকর্ষ ৯. শরীর, দেহ ১১. প্রহরী।

**সূত্র—উপর-নীচ:** ১. মেয়েলি ২. শান্ত, নম্র ৩. সোনা ৬. ক্রীড়া প্রতিযোগিতাটিতে ভারী লোহার বল দূরে নিক্ষেপ করা ৮. মাখন, ননি ১০. গালাগালি।


### সমাধান: শব্দবাণ-২৮৮

**পাশাপাশি:** ১. নীতিবিরোধী ৩. আজব ৫. নগ্নক ৭. মরিচ ৮. কিসম ১০. অনভিপ্রেত।

**উপর-নীচ:** ১.নীরজ ২. রোশনচৌকি ৩. আঞ্জাম ৪. বরচন্দন ৬. কলম ৯. সমেত।

### জন্মদিন

### আজকের দিন



পঙ্কজ রায়

১৭২৫ *ইন্দোরের রানী অহল্যাবাঈ হোলকারের জন্মদিন।*
১৯২৮ *বিশিষ্ট ক্রিকেট খেলোয়াড় পঙ্কজ রায়ের জন্মদিন।*
১৯৫৪ *বিশিষ্ট চিত্র পরিচালক কল্পনা লাজমির জন্মদিন।*

# চরের জালে জর্জরিত দেশজ চরাচর

**সুবীর পাল**



**এই দেশে থেকে পাকিস্তানের হয়ে চরবৃত্তি করার অভিযোগের তালিকা ক্রমশই বেড়ে চলেছে। গুজরাট পুলিশ জলন্ধর থেকে গ্রেফতার করে মহম্মদ মুর্তজা আলিকে। তার কাছ থেকে চারটে ফোন ও তিনটি সিম পাওয়া গিয়েছে। সে একটি স্কুলের মাসিক বেতনের ওয়েবসাইটের ফাঁক গলে সেনাবাহিনীর যাবতীয় তথ্য হ্যাক করে নিজের তৈরি অ্যাপে আপলোড করতো পাকিস্তানীদের উদ্দেশ্যে। এছাড়া উত্তরপ্রদেশের ব্যবসায়ী শাহজাদ ধরা পড়ে ভারতের গোপন তথ্য পাকিস্তানে পাচার করার অভিযোগে। হরিয়ানা থেকে কলেজ পড়ুয়া দেবেন্দ্র সিং ধিল্লোঁ এবং স্থানীয় নিরাপত্তা রক্ষী নৌমান এলাহিও এখন রয়েছে পুলিশি গারদের পিছনে।**

এই দেশেই থাকা অথচ এই দেশেরই বিরোধিতা!

কি অদ্ভুত মীরজাফর বৃত্তি তাই না?

তথাপি এই সংখ্যাটা কিন্তু কম নয়। বেইমান হিসেবে যারা ধরা পড়ছে তারা তো অন্ধকার আকাশে দুই একটা কলঙ্কিত নক্ষত্রের করুণা সংখ্যা। কিন্তু যারা আজও ধরা পড়েনি এই একশো চল্লিশ কোটি জনবিস্ফোরণের দেশে? তাদের আশঙ্কা মিশ্রিত সংখ্যার অনুমান করলে বুকে যেন পাহাড় চেপে বসে।

পুরাণে উল্লেখ রয়েছে রক্তবীজের কাহিনী। ভারতে চর যোগের অস্তিত্ব এখন কিছুটা পুরাণ মতে রক্তবীজের অনুকরণীয় প্যাটার্ণ।

এক ফোঁটা রক্ত মাটিতে পড়লেই সঙ্গে সঙ্গে যেন হাজার চর-অসুরের উৎপত্তির এক অদ্ভুত মডিইল।

এমনই মুষলপর্ব চলছে এখন দেশ জুড়ে। একটা চর ধরলেই মুহূর্তে বহুল চর উৎসারিত হচ্ছে দেশজ ভূমিতে।

সম্প্রতি জঙ্গিহানার পহেলগাঁও এপিসোড কমবেশি আমাদের সবার জানা। এমনকি প্রত্যাঘাত পর্বে আমাদের দেশের সরকারের ইতিবাচক কড়া পদক্ষেপ এবং ভারতের যৌথ সেনাবাহিনীর পরাক্রমী শৌর্যের কতকথা বিশ্ববাসীর মোটেও অজানা নয়। জঙ্গিদের বিশ্ববিদ্যালয় পাকিস্তানের অবস্থা এখন ছেড়ে দে মা কেঁদে বাঁচি।

জঙ্গি দমন মোকাবেলার এই বাহ্যিক সাফল্য দেশব্যাপী প্রবল উৎসাহে পালনও করছে তেরঙ্গা যাত্রাকে সামনে রেখে। কিন্তু এই যুদ্ধংদেহী সাফল্যের পিছনে ভারত সরকারের আরও একটি সাম্প্রতিক পদক্ষেপ দেশের নিরাপত্তার আকাশে ক্রমেই যেন সিঁদুরে মেঘ দৃশ্যতঃ হচ্ছে স্পষ্ট থেকে স্পষ্টতর হয়ে। দেশীয় চরের চরাচরের আন্তর্জাতিক নেটওয়ার্কে। বিশেষতঃ পাকিস্তান স্পন্সরশীপে।

পহেলগাঁওয়ে গণহত্যা সম্পন্ন করার আগে জঙ্গিরা বৈসরণে যেভাবে রেইকি করেছে, যেভাবে স্থানীয় এলাকায় কয়েকদিন জামাই আদরে খাওয়া দাওয়া করেছে এবং থেকেছে, তাতে ভারতীয় গোয়েন্দারা একপ্রকার নিশ্চিত হয়ে গিয়েছে, পাকিস্তান যতটা জঙ্গিদের নিরিপদ আস্তানা, ভারতের মাটিও ততটাই স্বাচ্ছন্দের জঙ্গি মদতপুষ্ট দেশজ স্লিপার সেলের কাছে। তাই পাকিস্তানকে সবক শেখানোর পাশাপাশি এই স্লিপার সেলগুলোকে দেশ থেকে নির্মূল না করলে ভারতে জঙ্গিদের কার্যকলাপ পুরোপুরি নিঃশেষ করা আক্ষরিক অর্থেই অসম্ভব। এই আপ্তবাক্যটি যথার্থ ভাবে অনুধাবন করেই কেন্দ্রীয় স্বরাষ্ট্র মন্ত্রক অনেকটা খাঁচায় বন্দি থাকা ক্ষুধার্ত হায়নার মতো গোয়েন্দা অফিসারদের আচমকা উন্মুক্ত করে দিয়েছে দেশব্যাপী স্লিপার সেলের হন্যে অভিযানে। একথা অনস্বীকার্য যে, স্লিপার সেলের সন্ধানে ৭৭ বছর অতিক্রান্তের স্বাধীন ভারতে এতো বড় মাপের বিস্তৃত ইতিবাচক অভিযান এর আগে কখনও সাক্ষী থাকেনি আমাদের দেশ। এখনকার এই গণহারে নাগাড়ে দেশ ব্যাপী অভিযান তাই বর্তমান ভারতের কাছে প্রকৃত ভাবেই নতুন করে দেখা নতুন করে চেনা অধ্যায়।

কেন স্লিপার সেলের বিরুদ্ধে এই ব্যাপকহারে অভিযান আগে সম্পন্ন হয়নি এই নিয়ে বিস্তর বিতর্কের অবকাশ রয়ে গেছে, কিন্তু একথা চুড়ান্ত ভাবে বাস্তব, এই অভিযানে কেঁচো খুঁড়তে সাপ বেরিয়ে এসেছে। স্লিপার সেলের অনুসন্ধান করতে গিয়ে মিললো এক বিরল প্রজাতির লোন উলফের হদিস। তাও একটা দুটো নয়। এই লোন উলফ ইতিমধ্যেই মাকড়সার জালের মতো ছড়িয়ে ছিটিয়ে রয়েছে আমাদের দেশের বড় বড় শহর থেকে একেবারে তস্য প্রান্তিক কোনে। তদন্তে উঠে এসেছে, এই লোন উলফেরা মোটেই কিন্তু সরাসরি হিংসাত্মক উগ্রপন্থার কার্যকলাপে অভ্যস্ত নয়। বরং এরা আর পাঁচজন নাগরিকদের মতো সন্দেহাতীত ভাবে স্বাভাবিক সামাজিক জীবন যাপন করেন। পক্ষান্তরে অতি গোপনে দেশের সামরিক, প্রসাশনিক, সামাজিক অতি সংবেদনশীল তথ্য, নথি ও ছবি নিয়মিত পাচার করে চলেছে পাকিস্তান, বাংলাদেশ সহ চীনে। এমনকি দেশের মোবাইল ফোনের সিমকার্ড ব্যবহার করে পাকিস্তানে হোয়াটসঅ্যাপ চালানোর বন্দোবস্ত করে এরা। এই দেশে ডেরা বেঁধে নকল পাসপোর্ট তৈরিতেও এই চরেরা যুক্ত। ফলে এই সমস্ত চরদের এ হেন জাল বিস্তারের বহর দেখে ভারতীয় গোয়েন্দাদের রীতিমতো রাতের ঘুম উড়ে গেছে। প্রকারান্তরে গোয়েন্দারা মেনে নিয়েছেন, স্লিপার সেলের বিরুদ্ধে অভিযান চালানোর থেকে বহুগুণ বেশি কষ্টকর একটা লোন উলফ খুঁজে বের করা। কারণ তারা একাকী পর্যায়ে খুব স্বাভাবিক অবস্থায় একেবারে মিশে থাকে আমজনতার ভিড়ে। এর পিছনে ধর্মগত জাত্যাভিমান স্বল্প পরিমাণ কাজ করলেও সিংহভাগ ক্ষেত্রে স্বল্প প্রয়াসে অপ্রত্যাশিত গোপন নগদ অর্থের প্রলোভন এখনকার চরবৃত্তিতে উৎসাহ প্রদান করে চলেছে।

অতি সম্প্রতি আসাম এসটিএফ এমনতর একাকী নেকড়ে ধরার জন্য জাল পাতে অপারেশন ঘোস্ট সিম'এর তকমায়। সাতজনকে গ্রেফতার করে। উদ্ধার করে ৯৪৮টি জাল সিমকার্ড। বিভিন্ন জনের নামে তোলা এই সিম কার্ড থেকে ওটিপি সংগ্রহ করে ধৃতেরা পাঠিয়ে দিত পাকিস্তানী হ্যান্ডেলারদের কাছে হোয়াটসঅ্যাপ খোলার জন্য। তেলেঙ্গানার সাঙ্গারেড্ডি থেকে মফিজুল ইসলাম, হরিয়ানা থেকে সাদ্দিক, আরিফ খান, সাজিদ, নয়া দিল্লির বিমানবন্দর থেকে আরসাদ খান এবং গুয়াহাটি বিমানবন্দর থেকে আকিক, আসামের ধুবরি থেকে জাকারিয়া আহমেদকে পাকড়াও করে জিজ্ঞাসাবাদ চালানো হচ্ছে। এদের গ্রেফতার করতেই হরিয়ানা, নয়া দিল্লি, তেলেঙ্গানা ও আসামে চিরুনি তল্লাশি শুরু করেছে গোয়েন্দারা অপারেশন ঘোস্ট সিমের চুড়ান্ত ব্রেকথ্রুতে পৌঁছানোর লক্ষ্যে।

এর পাশাপাশি পাকিস্তানের গোপন চর হাতেনাতে ধরতে আদাজল খেয়ে নেমে পড়েছে বিভিন্ন রাজ্যের সাদা পোশাকের তদন্তকারী কর্তারা। ইতিমধ্যেই এই রাজ্য থেকে বড় রকমের সাফল্য আসে যখন কলকাতার বিরাটী থেকে পাকিস্তানের নাগরিক আজাদ মল্লিক গ্রেফতার হয়। সে নকল পাসপোর্ট ও বিদেশী জাল ভিসা তৈরিতে ছিল সিদ্ধহস্ত। আবার মহানগরের রাজাবাজার থেকে জাল জন্ম নথি পেশ করার কারণে কলকাতার পাসপোর্ট দফতরে ধরা পড়ে আফতাব আলম। দুজনেই কোনও স্লিপার সেলের সঙ্গে যুক্ত কিনা তা খতিয়ে দেখছে পুলিশ।

এই দেশে থেকে পাকিস্তানের হয়ে চরবৃত্তি করার অভিযোগের তালিকা ক্রমশই বেড়ে চলেছে। গুজরাট পুলিশ জলন্ধর থেকে গ্রেফতার করে মহম্মদ মুর্তজা আলিকে। তার কাছ থেকে চারটে ফোন ও তিনটি সিম পাওয়া গিয়েছে। সে একটি স্কুলের মাসিক বেতনের ওয়েবসাইটের ফাঁক গলে সেনাবাহিনীর যাবতীয় তথ্য হ্যাক করে নিজের তৈরি অ্যাপে আপলোড করতো পাকিস্তানীদের উদ্দেশ্যে। এছাড়া উত্তরপ্রদেশের ব্যবসায়ী শাহজাদ ধরা পড়ে ভারতের গোপন তথ্য পাকিস্তানে পাচার করার অভিযোগে। হরিয়ানা থেকে কলেজ পড়ুয়া দেবেন্দ্র সিং ধিল্লোঁ এবং স্থানীয় নিরাপত্তা রক্ষী নৌমান এলাহিও এখন রয়েছে পুলিশি গারদের পিছনে। গত নভেম্বরে দেবেন্দ্র পাকিস্তান গিয়েছিল। দুজনেই দেশের তথ্য পাচারে অভিযুক্ত। হরিয়ানার আরও এক অভিযুক্ত আর্মান এবং পাঞ্জাবের গুরুদাসপুর থেকে করণবীর সিং বর্তমানে পুলিশের কব্জায় রয়েছে পাকিস্তানের হয়ে চরবৃত্তি করার দায়ে। এমনকি পাঞ্জাবের মালেরকোটলা থেকে অ্যারেস্ট হয় ইয়ামিন মহম্মদ ও গিজালা নামে এক মহিলাকে। তদন্ত করতে গিয়ে পুলিশ জানতে পারে এই ইয়ামিনের ব্যাঙ্ক অ্যাকাউন্টে টাকা ঢোকে ভারতের পাকিস্তান দূতাবাসে কর্মরত দানিশের মোবাইল থেকে। খুব সম্প্রতি উত্তরপ্রদেশ থেকে ধরা পড়েছে আরও একজন। সে বারানসীর বাসিন্দা তুফাইন। দিল্লিতে থাকে মহম্মদ হারুন। তার দ্বিতীয় স্ত্রী পাকিস্তানের বাসিন্দা। স্ত্রীর মারফৎ হারুন জড়িয়ে যায় চরবৃত্তিতে। ফলে আপাতত তারও এখন অগত্যার গতি হয়েছে আইনি শ্রীঘরে।

এ হেন চরবৃত্তিতে পুরুষের সঙ্গে মহিলারাও পিছিয়ে নেই। ওড়িশার ইউটিউববার প্রিয়াঙ্কা সেনাপতি ধর্মীয় ভিডিও করলেও কেন সম্প্রতি পাকিস্তানে গিয়ে বহু সন্দেহজনক ব্যক্তিবর্গের সকাশে এসেছিল তার সদুত্তর সে দিতে পারেনি। ফলে সেও পুলিশি তদন্তের আতসের তলায় রয়েছে। রহস্য দানা বেঁধেছে কারগিলের হুন্দেরবনের একটি হোটেলকে ঘিরে। যেদিন অপারেশন সিঁদুর আপাতত স্থগিত স্থগিত ঘোষণা হলো ঠিক তারপরের দিন ওই হোটেল থেকে এক মহিলা আচমকা উধাও হয়ে যায় তার বছর পনেরোর ছেলেকে ফেলে রেখে। কাশ্মীরি গোয়েন্দাদের ধারণা, সেও পাকিস্তানী গুপ্তচর ছিল এবং বিপদ বুঝেই গা ঢাকা দিয়েছে।

তবে ধৃত চরদের মধ্যে সবচেয়ে নজর কেড়েছে জ্যোতি মালহোত্রা। এই ৩৩ বছরের হরিয়ানার যুবতী যথেষ্ট গ্ল্যামারাস ও ঝকঝকে চেহারার। একসময়ে সে একটা সামান্য চাকরি করলেও পরবর্তীতে সে ইউটিউবার হয়ে ওঠে। ইউটিউবে এর চ্যানেলের নাম ছিল 'ট্রাভেল উইথ জো।' এক লক্ষ বত্রিশ হাজার ফলোয়ার। আদতে ইউটিউবারের পরিচয়ের আড়ালে সে ছিল এক এলিট শ্রেণির গুপ্তচর। সে পাকিস্তান, চীন সহ বহু দেশে গিয়েছে বারেবারে। পাকিস্তানে গিয়ে যেমন লষ্কর-ই-তৈইবার মুরিদকের ঘাঁটিতে প্রশিক্ষণ নিয়েছে তেমন সরাসরি মত বিনিময় করে এসেছে সেই দেশের প্রাক্তন প্রধানমন্ত্রী নওয়াজ শরীফের কন্যা মরিয়ম শরীফের সঙ্গেও। ভারতের পাক দূতাবাসের কর্মী শাহীনের সঙ্গে তার বিশেষ বন্ধুত্বের কথাও তদন্তে উঠে এসেছে। এমনকি শাহীনের পাতা হ্যানিট্রাপের সাম্প্রতিক শিকারও নাকি হয়েছে এই ইউটিউবার। দেশের বিভিন্ন অঞ্চলের একাধিক স্পর্শকাতর তথ্য সে পাকিস্তানের দূতাবাসে পৌঁছে দিত শাহীনের মাধ্যমে। বিনিময়ে সে নিয়মিত পেত মোটা অঙ্কের লোভনীয় অর্থ। গোয়েন্দাদের হাতে আরও তথ্য এসেছে যে পহেলগাঁও কান্ডের সমসাময়িক সময়ে একাধিকবার সে সেখানে গিয়েছিল জঙ্গিদের জন্য ওই এলাকার সহায়ক তথ্য সংগ্রহ করার লক্ষ্যে।

সুতরাং এই চরবৃত্তির পেঁয়াজের খোসা ছাড়ানোর কাজ তো হাতে নিয়েছে ভারতীয় গোয়েন্দারা ঠিকই, কিন্তু কোন তীরে গিয়ে তরী ঠেকে, সেটাই এখন কোটি টাকার প্রশ্ন।

কেন্দ্রীয় স্বরাষ্ট্র দফতরে এই চরদের প্রসঙ্গে একটি নয়া গোয়েন্দা রিপোর্ট জমা পড়েছে। তাতে স্পষ্ট কিছু কারণ উল্লেখ রয়েছে। কেন দিনকে দিন এতো পাকিস্তানী চর এদেশে বৃদ্ধি পাচ্ছে। প্রথম কারণ হিসেবে উল্লেখ রয়েছে, বিপুল নগদ অর্থের গোপন উপঢৌকন। ঘনঘন বিদেশ যাত্রার টোপ, এছাড়া আর্থিক ভাবে দুর্বল অথচ লোভীজনকে আচমকা বিলাসবহুল জীবনযাপন করার অভ্যাস করিয়ে দেওয়া, মধুচক্রের মধ্যে জড়িয়ে দিয়ে ব্ল্যাকমেইল করা বা হ্যানিট্রাপে আটকে দেওয়া, মানসিক ভাবে ভারত বিদ্বেষীদের দলে ভেড়ানো, পাকিস্তানী পরিজন বা বন্ধুত্বকে কাজে লাগিয়ে বিভিন্ন ভারতীয় নাগরিককে দীর্ঘকালীন মগজ ধোলাই করে চরের সংখ্যা ক্রমেই পাকিস্তান বাড়িয়ে চলেছে এদেশে।

তবে আশার কথা এই যে, এখনকার ভারত ঘুমিয়ে নেই। চরদের পর্দা ফাঁসের অঙ্কটা কার্যত প্রতিদিন বেড়েই চলেছে। ধরপাকড়ের অভিযানও চলছে চলবে সমান হারে। তাই হয়তো দেশের স্বরাষ্ট্রমন্ত্রী অমিত শাহকে এই কিছুদিন আগেও বলতে শোনা গেছে, 'দেশ বিরোধী কো চুন চুনকে মারুঙ্গা।'

সুতারাং দেশবাসীও অধীর প্রতিক্ষায়, অনেক হয়েছে ফিল্মি ডায়ালগ। বাস্তবে এবার হোক আসলি ধামাকা। অ্যাকশন!

# এই কলমটা জীবন কথায় সাজানো

**বাবুল চট্টোপাধ্যায়**

ঘুম পাচ্ছে। খুব। খুব। খুব। কেনো পাচ্ছে জানি না। তবে এমন আগে হতো না। এখন হয়। একটা অস্থিরতা কাজ করে। কিছুতেই কিছু করে উঠতে পারছি না। মানে আমার ইচ্ছা থাকলেও আমার কিছুতেই কিছু করা হচ্ছে না। না, আগে এমন হতো না। এখন হয়। ঘুম পায়। চোখ ছোট হয়ে আসে। অস্থিরতা লাগে। চিন্তা আসে। ভুল বললাম। একরাশ চিন্তা মাথায় ঘুরপাক খায়। তাও ভুল হলো — চিন্তা নয় দুশ্চিন্তা! কেনো এমন হয়? না আমাকে কেউ আঘাত করেনি। না, কেউ জ্বালাতন ও করেনি। তবে? আমার বিবেক বলে — তবে কেনো তুমি নিজের মধ্যে নেই। আসলে সেটাই তো রহস্য। অনেকেরই এই অবস্থা নিয়েই আজকের এই প্রবন্ধের ভাবনা। একটা সত্যি, অনেকটা কৃত্রিমতা আর সে রহস্যের জল যে যত তাড়াতাড়ি ধরতে পারবে তার উন্নতি ততই। তবে তো আমরা সেটাই চাই। কিন্তু পারি না। এই না পারা মানুষদের কেউ পছন্দ করে না। আসলে যে হেরে যায় তাকে কেউ ভালোবাসে না। কেনো ভালোবাসে না — জানি না। অবশ্য যারা বাসে না তারই জানে। আমরা জানতে চাই না হেরে যাওয়া লোকটার কথা। ঘুম তো হেরে যাওয়া লোকেদের। আর পছন্দ প্রচুর খাটনি করা মানুষটিরও ।

আজ আর মানুষ খুব ভালো নেই। ভুল বললাম। মানুষের মনুষ্যত্ব আজ আর ভালো জায়গায় নেই। কেনো নেই সে কথা তো আমরা প্রত্যেকে ভালোভাবে জানি। আমরা কোনো কিছুতেই তৃপ্ত হতে পারি না। মানে আমাদের চাহিদার কোন শেষ নেই। আমরা ক্রমেই যেন প্রতিযোগিতা মুখর হয়ে পড়েছি। আমাদের ভালোবাসার জায়গা ক্রমেই ছোট হয়ে পড়েছে। ওর আছে আমার কেনো হবে না। সুতরাং সাধ্য না থাকলেও লোভ আপনাকে কোথাও কোনো না কোনোভাবে বাধ্য করাবে আপনার রুচিবোধ পরিবর্তন করাতে। আসলে আমরা জানিই না আমরা ঠিক কি চাই!

আসলে আমরা যে যেটা চাই সে সেটা পাই না — এটা চির সত্য। যদি মানুষের আবার সেই না পাওয়া অবস্থা নিয়ে লড়তে হয় নিজেরই সঙ্গে তবে তা কতটা যন্ত্রণার — অনুমান করতে পারছেন? সে তো লড়াই করছে সে তার নিজের সঙ্গে। দেখা গেলো তার ভালোবার মানুষটি আসলে ফেক। আসলে সে বড় মিথ্যাচারে গড়ে উঠা একটা মানুষ। তবে সেই ভালোবাসার মানুষটির কথা ভাবুন! সে জর্জরিত। প্রতিটি মুহূর্তে সে আগুণের উপর দিয়ে হেঁটেছে। সেই মানুষটির কথা ভাবুন যার বিশ্বাস হারিয়ে গেছে। সেই মানুষটির কথা ভাবুন যে কিছুতেই কিছু সামলাতে পারছে না। অথচ তাকে নিয়ে জগৎ হাসছে। ঠিক তার নিজের বা কাছের লোকেই হাসছে। তাকে যন্ত্রণা দিচ্ছে। সে মায়ার সংসারে জড়িয়ে পড়েছে। সে বের হতে পারছে না। সে তার ভালোবাসা থেকে সরতে পারছে না। সে কি করবে ভেবে ঠিক করতে পারছে না। চারিদিকে অন্ধকার দেখছে। ভয় তাকে গ্রাস করে নিতে চাইছে। তাই তার ঘুম পাচ্ছে। এতো প্রেশার সে নিতে পারছে না। তাই তার ভালো হলো কই?

তবু সে লড়াই ছাড়ছে না। আর এটাই তো জীবন। কোনো একজন তাকে তার জীবনের থেকে বিচ্ছিন্ন করে দেবে — এটা হতে পারে না। তাই তাকে ঘুরে দাঁড়াতেই হবে। হবেই। সে সংসারে কম ভোগেনি। তবু লড়াই থেকে সরেনি। তার লড়াই ছাড়লে চলবে না। লড়াই থামলে, জীবন থামে। কোনো এক মায়ায়-ই তো জীবনকে আটকে রাখে। কেউ এই মায়ায় আটকে পড়ে,কেউ এই বন্ধন থেকে মুক্তও হতে পারে। কোনটা ঠিক কোনটা ভুল তো তার জানা নেই। এটা জানা আছে সত্য চিরকাল থাকে। এখন এটা বুঝবো কি করে? আসলে আমাদের সকলের মনের মধ্যে বাঁচে একটা ইমোশন। এই ইমোশন মরলে চলবে কেনো? সকলেই সবটা বোঝে। বোঝে তার বিবেক। হ্যাঁ, এটা আছে বলেই তো মানুষ আছে। তাই তাকে বিবেকের কাছে সব সময় সৎ থাকতে হবে।

এমনও দেখা গেছে একটা মানুষ বার বার হারে। তবু কোনো এক মায়া থেকে সে বের হতে পারে না। তার ভাবনার রংগুলি খুব সাদা। তার পুঁজি কম তাই সে বোঝে কম। সে কাঁটাতারেই খুশি। তার কাছে জীবন এক যুদ্ধ। সে যেমন করে ভাবে অন্য কেও তেমন করে ভাবে না। তার মানে এই নয় যে তার ভাবনাগুলো খুব এলোমেলো। হয়তো দেখা গেলো তার ভাবনা গুলো এতটাই সৎ যে সাধারণ মানুষের সঙ্গে তা মেলে না। তাই সে বার বার হারে। লোকে তাকে নিয়ে ব্যঙ্গ বিদ্রুপ করে। কিন্তু সে আর তার ঈশ্বর জানে সঠিক ভাবনাটি কি। তার অন্তরাত্মা কাঁধে। কে কাঁদায় সে জানে না। সে জানে সুখ বড় সম্পদ। তার থেকেও খুব বড় সম্পদ হলো দুঃখ। দুঃখ মানুষকে পরিণতির প্রতি প্রবল প্রবণতা বৃদ্ধি করে। তবু সকলে তা বোঝে না। ভয় করে এই বুঝি সে একা হয়ে গেলো! একা মানে অসহ্য, চরম অসহায়। সে জানলো যেমন করে, অন্য কেহ জানলো না তেমন করে। যার হয় একমাত্র সেই বোঝে। তার কাছে তার চেতনার রং গুলি বেশ ভালো। ফর্সা। সে ভালোতেই ভরসা পায়। সে ভালতেই বেশ আছে। ভরসায় আছে।

